দৈনিক বাংলা

তারিখ 17 JUN 1995
পৃষ্ঠা ৭ কলাম ৪

৭/

২৮ জুন সিনেট বৈঠক

# ঢাকা ভার্সিটির খসড়া বাজেট ঃ ১০ কোটি টাকা ঘাটতি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ আগামী ২৮ জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশন বসবে।

সিনেটের এই অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের ১৯৯৫-৯৬ অর্থ বছরের বাজেট পেশ করা হবে। ইতিমধ্যে ১০ কোটি টাকার ঘাটতিসহ প্রায় ৬০ কোটি টাকার খসড়া বাজেট প্রণয়ন করা হয়েছে বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার সিনেট সদস্যদের চিঠি দিয়ে সিনেট অধিবেশন বসার কথা জানিয়েছেন।

(৪-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটির খসড়া

(প্রথম পৃষ্ঠার পর)

দুই দিনব্যাপী আসন্ন সিনেট অধিবেশনের প্রথম দিন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর মোঃ শামসুল হক বাজেট পেশ করবেন।

বাজেটে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক কর্মকর্তা কর্মচারীদের বেতন-ভাতা, গবেষণা কার্যক্রম, সাধারণ শিক্ষা, আনুষঙ্গিক কার্যক্রম পৃথকভাবে সন্নিবেশিত করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ধরনের অবকাঠামো নির্মাণের জন্য একই সঙ্গে উন্নয়ন বাজেটও প্রণয়ন করা হয়েছে।

জানা গেছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র বেতন ও হল সিট ভাড়া এবারও বাড়ানো হবে না। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবহন খাতে গত বছরগুলোর ন্যায় এবারও প্রায় কোটি টাকা লোকসান হয়েছে। এছাড়া পৌরকর ২ কোটি টাকাসহ প্রফেসরদের অবসর দানের যাবতীয় খরচ খসড়া বাজেটে দেখানো হয়েছে আড়াই কোটি টাকা।

বাজেটে সর্বোচ্চ ব্যয় ধরা হয়েছে শিক্ষকদের বেতন খাতে। এছাড়া অন্যান্য ব্যয়ের খাতগুলি হচ্ছে ঃ কর্মচারী, অফিসারদের বেতন, পেনশন, ছাত্র বৃত্তি, শিক্ষার মানউন্নয়ন, গ্রন্থাগারের বই ক্রয়, প্র্যাকটিক্যাল টিচিং, খেলাধুলা, চিকিৎসা, ভবন রক্ষণাবেক্ষণ, আসবাবপত্র কেনা প্রভৃতি খাত।

সূত্র জানান, বাজেটের শতকরা প্রায় ৬৬ ভাগ সরকারের কাছ থেকে পাওয়া যাবে অনুদান হিসাবে এবং শতকরা প্রায় ৩৩ ভাগ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় থেকে আসবে।